তারিখ 20 FEB 2016
পৃষ্ঠা ২ কলাম ৩

কালের কণ্ঠ

# ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের আয়োজনে ইংরেজি শিক্ষা ও বাজার অর্থনীতি বিষয়ক চতুর্থ আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। গতকাল শুক্রবার সকালে রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে দুই দিনব্যাপী এই সম্মেলনের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এম এ মান্নান। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান। স্বাগত বক্তব্য দেন ইংরেজি বিভাগের চেয়ারপারসন অধ্যাপক এম মনজুর আলম। সংবাদ বিজ্ঞপ্তি।